

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২৭ জানুয়ারি, ২০২৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৭/০১/২০২৬ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব সিরাজুম মুনিরা কায়সান এর নেতৃত্বে "কাচারী বাড়ি রেস্টুরেন্ট" ২৯, নাটক সরনী, নিউ বেইলী, রমনা, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে উক্ত রেস্টুরেন্টটির পরিষ্কার-পরিচ্ছন্ন ঘটতি পরিলক্ষিত হয় অর্থাৎ মেঝে স্যাঁতস্যাঁতে, তৈজসপত্র নোংরা, টাইলস ভাঙা ও ডাস্টবিন খোলা অবস্থায় পাওয়া যায়; ফ্রিজে যথাযথ লেবেল সংযোজন ব্যাতিরেকে কীচা ও রান্নাকরা মাংস একই সাথে এবং বিভিন্ন ধরনের মসলা সংরক্ষণ করতে দেখা যায়; এছাড়াও প্রতিষ্ঠানটি তাদের রেস্টোরী নিবন্ধন সনদ এবং ফায়ার লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থাপক এর বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় মনিটরিং অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কমপ্লায়ন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

অভিযানটি যথাক্রমে বেইলী রোডে অবস্থিত "ট্রাস্কাম ফুডস লিমিটেড (পিঙ্কা হাট)" এ পরিচালনা করা হয়। উক্ত রেস্টুরেন্টটি বেশ পরিষ্কার-পরিচ্ছন্ন অবস্থায় পরিলক্ষিত হয়। স্টোরে যথাযথ আমদানিকারকের তথ্য বিহীন বন্টন ফুড এর মাসরুম সংরক্ষণ করতে দেখা যায়। এছাড়া প্রতিষ্ঠানটি তাদের সকল বাধ্যতামূলক নিবন্ধন সনদ প্রদর্শনে সক্ষম হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থাপক এর বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মাহমুদুল হাছান আনচারী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



বি. এম. রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।